সুস্থ মন, সুস্থ শরীর গড়তে খেলাধূলার বিকল্প নেই — এমপি সাহিদুজ্জামান খোকন

বাংলাদেশ জাতীয় সাবেক ফুটবলারদের অংশ গ্রহনে মেহেরপুরের গাংনীতে ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও জাঁকজমকপূর্ণভাবে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকাল সাড়ে ৩ টার সময় গাংনীর ঐতিহ্যবাহী ভাটপাড়া কুঠি ফুটবল মাঠে প্রীতি খেলা অনুষ্ঠিত হয়েছে। নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। ৭০-৮০ দশকের জাতীয় পর্যায়ের একাধিক খেলোয়াড়দের সমন্বয়ে গঠিত দুটি দল নিয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এ খেলায় নারায়নগঞ্জ একাদশ ৩-২ গোলে মেহেরপুর জেলা সোনালী অতিত ক্লাবকে পরাজিত করে।

গাংনীর ভাটপাড়া নীলকুঠি উন্নয়ন সংঘের আয়োজনে কাথুলী ইউনিয়ন যুবলীগের সাধারন সম্পাদক সুমন আহম্মেদ স্বপনের সঞ্চালনায় অনুষ্ঠানে কাথুলী ইউপি আ.লীগের সাবেক সাধারন সম্পাদক জাবের আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষনা করেন,মেহেরপুর-গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য সাবেক ছাত্রনেতা ও গাংনী উপজেলা আ.লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, গাংনী পৌর সভার মেয়র আশরাফুল ইসলাম,গাংনী উপজেলা আ.লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান, মেহেরপুর জেলা পরিষদের সদস্য তৌহিদ মুর্শেদ অতুল, মজিরুল ইসলাম, আ.লীগ নেতা মনিরুজ্জামান আতু।

প্রধান অতিথির বক্তব্যে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, খেলাধূলা দৈহিক কাঠামো সুদৃঢ় করতে এবং সুস্থ শরীর সুস্থ মন গড়তে খেলাধূলার বিকল্প নেই। খেলাধূলা মাদকাসক্তি, জঙ্গীবাদ ও সন্ত্রাসী কর্মকান্ড থেকে জীবনকে তথা দেশকে সুন্দর করে গড়ে তুলতে সহায়তা করে। খেলাধূলার সুন্দর পরিবেশ গড়ে তুলতে ইতোমধ্যেই যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নানা উদ্যোগ গ্রহন করেছেন। গাংনীতেও শেখ

রাসেল নামে একটি মিনি ষ্টেডিয়াম তৈরী করা হবে।

এসময় উপজেলা কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,গাংনী থানা যুব মহিলালীগের সভাপতি শাহানা ইসলাম সাবেক ফুটবলার আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ। এসময় আমন্ত্রিত অতিথিবৃন্দ ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ ও ইউনিয়নের জনপ্রতিনিধি,সুধী বৃন্দ উপস্থিত ছিলেন।

খেলা আমন্ত্রিত দল নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে অনুষ্ঠিত হয়। নারায়নগঞ্জ জেলা ৩-২ গোলে স্বাগতিক কুষ্টিয়া জেলা একাদশকে হারিয়ে বিজয় লাভ করে। খেলাটি পরিচালনায় প্রধান রেফারী হিসাবে আব্বাস আলী, সহকারী রেফারী মাহবুবুর রহমান ও টুটুল। কুষ্টিয়া জেলা দলের কোচ হিসাবে ছিলেন,আমিরুল ইসলাম অল্ডাম। খেলায় বিজয়ী দলকে ক্রেষ্ট উপহার দেয়া হয়। মাঠে হাজার হাজার দর্শক খেলা উপভোগ করেন।

– নিজস্ব প্রতিনিধি

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে সুমাইয়া খাতুন (৯) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। শনিবার দুপুর ২ টায় গাংনী উপজেলার আমতৈল মাথাভাঙ্গা নদীতে ডুবে তার মৃত্যু হয়। সুমায়ইয়া খাতুন আমতৈল গ্রামের ইকরামুল হকের মেয়ে ও স্থানীয় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেনীর ছাত্রী।

সুমায়ইয়া খাতুনের বাবা ইকরামুল হক জানান, প্রতিদিনের ন্যায় সুমাইয়া খাতুর বাড়ির পার্শে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। দীর্ঘ সময় সে বাড়িতে না ফেরায় তাকে বিভিন্ন স্থানে সন্ধান করা হয়। পরে নদীতে তার লাশ ভেসে উঠলে স্থানীয়দের সহায়তার তার লাশ উদ্ধার করা হয়। স্থানীয়রা জানান,সুমাইয়া খাতুন জীবিত রয়েছে এমন সন্দেহে তাকে পার্শবর্তী হারদী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত

চিকিৎসক মৃত ঘোষনা করেন।

বামুন্দী ফায়ার সার্ভিসের লিডার মইনুদ্দীন জানান,পানিতে ডুবে যাতে কারোর মৃত্যু না এজন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতা মুলক আলোচনা করা হচ্ছে।
-নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বিরল প্রজাতির মাছ

চুয়াডাঙ্গায় বিরল প্রজাতির একটি মাছ পাওয়া গেছে। সদর উপজেলার ছোটশলুয়া গ্রামের একটি পুকুর থেকে মাছটি পাওয়া যায়। শনিবার জেলেদের জালে বিরল প্রজাতির মাছটি ধরা পড়ে।
ছোটশলুয়া গ্রামের জেলে মকবুল হোসেন জানান, মাছ ধরার জন্য তারা পুকুরে জাল ফেলার পর অন্য মাছের সাথে বিরল প্রজাতির একটি মাছ জালে দেখতে পাওয়া যায়। মাছটি এর আগে কখনো দেখেননি তারা। মাছটির গায়ের রং কালো, ডোরাকাটা। পরে মাছটিকে নিয়ে গ্রামের একটি দোকানে পানির ভিতরে রাখলে স্থানীয় অনেকে মাছটি দেখতে ভিড় করে। এ ব্যাপারে চুয়াডাঙ্গা জেলা মৎস্য কর্মকর্তা ড. মোঃ মাহবুবুর রহমান তালুকদার জানান, তিনি এখনো ঘটনা শোনেননি। মাছটি দেখলে তিনি ওই মাছের ব্যাপারে জানাতে পারতেন।

-চুয়াডাঙ্গা প্রতিনিধি

জেনিফার লরেন্সের আজ বিয়ে

অস্কারজয়ী মার্কিন অভিনেত্রী জেনিফার লরেন্সের আজ বিয়ে। বর কুক ম্যারোনি নিউ ইয়র্কের একটি আর্ট গ্যালারির মালিক। যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটসের নিউপোর্টে ১২৫ বছরের পুরনো একটি বাড়িতে হচ্ছে অনুষ্ঠান।

জানা গেছে, বিয়েতে দুই পরিবারের ঘনিষ্ঠ দেড় শ অতিথিকে নিমন্ত্রণ করা হয়েছে। তবে এদের মধ্যে চলচ্চিত্রজগতের কারা আছেন সেটা জানা যায়নি। গেল বছরের জুনে ৩৪ বছর বয়সী ম্যারোনির সঙ্গে প্রেম হয় লরেন্সের।

অভিনেত্রীর ঘনিষ্ঠ এক সূত্র জানিয়েছে, শিল্প-সাহিত্য ও সিনেমার প্রতি দুজনের আগ্রহের কারণেই দ্রুত তাঁদের সম্পর্ক গড়ে ওঠে। প্রেমের বয়স এক বছর হওয়ার আগেই এ বছরের ফেব্রুয়ারিতে দুজনের বাগদান হয়। তখন এক সাক্ষাৎকারে ২৯ বছর বয়সী অভিনেত্রী বলেছিলেন, ‘আমার দেখা সেরা মানুষ ম্যারোনি।’ তবে এরপর বিয়ে নিয়ে লরেন্স বা ম্যারোনি কেউই আনুষ্ঠানিক কোনো বিবৃতি দেননি।

– ইন্টারনেট অবলম্বনে

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকাল ৪টার সময় রুইতনপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ সম্মেলন আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন। এ সময় সম্মেলনের প্রধান অতিথি বলেন দির্ঘ ১৮ বছর আগে এই ইউনিয়নে আওয়ামী লীগের কমিটি গঠিত হলেও পরবর্তিতে আর কমিটি গঠন হয়নি, ওই সময় থেকে যারা আওয়ামী লীগের নেতৃতিতে দিয়ে আসছিল তারা যুবলীগের নামধারি কিছু নেতার পকেটে থেকে রাজনীতি করতো, যুবলীগের ঐই সকল ষড়যন্ত্র কারিদের চিহ্নিত করে, ইউনিয়নে আওয়ামী লীগের নেতৃত্ব বজায় রাখতে বলে সকল ধরনের ষড়যন্ত্র পতিহত করে দেশের উন্নয়নের ধারা অব্যহত রাখতে দলকে আরো শক্তিশালী করতে হবে।
তৃণমুল পর্যায় থেকে দলকে সুসংগঠিত করে জননেত্রি শেখ হাসিনার

হাতকে শক্তিশালী করতেই সম্মেলন করা হচ্ছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশকে এগিয়ে নিয়েছে। তিনি ক্ষমতায় এসে দেশকে ডিজিটাল বাংলাদেশ হিসাবে রুপান্তর করেছে, পৃথিবীর উন্নয়নশীল দেশগুলো এখন বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসাবে দেখছে। দেশকে ক্ষুধা ও দারিদ্র মুক্ত দেশ হিসাবে গড়ে তুলেছে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে মাননিয় প্রধানমন্ত্রি রাতদিন পরিশ্রম করে যাচ্ছে। পদ্মসেতু, মেট্রো রেল ফ্লাইওভারের মত বড় প্রকল্প হাতে নিয়েছে। স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয় সহ রাস্তাঘাট নির্মান করে চলেছে।
তাই আওয়ামী লীগের প্রতি আস্তা ও বিশ্বাস রেখে দলকে সুসংগঠিত করে দেশের উন্নয়ন অব্যহত রাখতে হবে। সরকারের উন্নয়নের ধারাবাহিতকায় এক শ্রেণীর নামধারি আওয়ামী লীগনেতা ও কিছু আওয়ামী লীগের সহযোগি সংগঠন দলকে দ্বিখন্ডিত করতে উঠে পড়ে লেগেছে, দেশের বা জেলার উন্নয়নের ধারা অব্যহত রাখতে এ সব ঘাপটি মেরে থাকা নামধারি নেতাদের চিহ্নিত করে দাঁতভাঙ্গা জবাব দিতে হবে।
এসময় তিনি বিএনপিনেতা খালেদা জিয়া ও তারেক রহমানকে উদ্দেশ্য করে বলেন, একুশে আগষ্ঠ গ্রেনেড হামলা চালিয়ে মাননিয় প্রধানমন্ত্রি শেখ হাসিনা সহ কেন্দ্রিয় নেতাদের হত্যা করতে চেয়েছে ছিল, আল্লাহ অশেষ মেহেবানিতে তিনি অলৈকিক ভাবে বেঁচে গেলেও আমাদের কেন্দ্রিয় অনেক প্রাণপ্রিয়নেতা মারাযান। বিএনপির আমলে মানুষ রাত্রে ঘুমাতে পারতোনা, খুন, গুম, চাঁদাবাজি, টেন্টারবাজি সহ সরকারি টাকা লুট করে দেশকে এক অরাজগতা সৃষ্টি করেছিল। ঘরেঘরে বিদ্যুৎ ছিলনা, যা ছিল তাও বিদ্যুৎ যাওয়ার সময় ছিল কখন আসবে কেউ জানতোনা, কৃষককে লাইনে দাঁড়িয়ে সার, তেল নিতে হত। এখন ঘরেঘরে বিদ্যুৎ পৌছে গেছে, কাউকে বিদ্যুৎতের জন্য অপেক্ষা করতে হয়না, কৃষককে লাইনে দাঁড়াতে হয়ন সার তেলের জন্য।
ছেলুন জোয়ার্দ্দার এমপি আরো বলেন বঙ্গবন্ধ দেশটাকে সোনার বাংলায় রুপান্তিত করতে চেয়েছিল। আল্লাহ সেই সপ্ন এই বাংলার মাটিতে বাস্তবায়ন করবেন বলে হয়তো তারই সুযোগ্য কন্য প্রধানমন্ত্রি শেখ হাসিনা ক্ষমতায় এসে আজ বাংলাদেশকে সার্বিক উন্নয়ন করে সোনার বাংলায় রুপান্তরিত হতে চলেছে।
সম্মেলনে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাজি লিহাজ উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্ভোধনি বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি খুস্তার জামিল, যুগ্ন সাধারন সম্পাদক সাবেক পৌর মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, যুগ্ন সাধারন সম্পাদক সামসুজ্জোহা, সাংঠনিক সম্পাদক

মুন্সি আলমগীর হান্নান, লিটু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সদস্য দেলোয়ার হোসেন, এ্যাড বেলাল হোসেন, জেলা শ্রমিকলীগের সভাপতি আফজালুল হক বিশ্বাস, সাবেক জেলা যুবলীগের আহবায়ক আরেফিন আলম রন্জু, আব্দুল কাদের।
বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্ঠার, মহাসিন আলী, আওয়ামী লীগনেতা বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান নান্টু, তোহিদুল ইসলাম ফকা, দেলোয়ার হোসেন দিপু, মহিবুল হক মন্টু, সাবেক জেলা ছাত্রলীগের সহ সভাপতি রুবাইত বিন সুস্তির, কলেজ ছাত্রলীগের সাধারন সম্পাদক তামিম হাসান তারেক । অনুষ্ঠানটি পরিচালনা করেন আওয়ামী লীগনেতা ইউনুস আলী মাষ্ঠার। সম্মেলনের আলোচনা শেষে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনুর সভাপতিত্বে আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের শাহ্ আব্দুল বাতেনকে সভাপতি, মোজাম্মেল হককে সাধারন সম্পাদক ও খাইরুল ইসলামকে যুগ্ন সাধারন সম্পাদক করে কমিটি গঠন করা হয়।

আলমডাঙ্গা প্রতিনিধি

জাগো মেহেরপুর এর ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

জাগো মেহেরপুর সংগঠনের ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। জাগো মেহেরপুর একটি সামাজিক সংগঠন। ২০১৩ সালের আজকের এই দিনে একটি মানববন্ধনের মাধ্যমে সংগঠনটির যাত্রা শুরু হয়েছিল।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর শিশু পরিবারে জাগো মেহেরপুর এর সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়। অনুষ্ঠানটি দুটি ভাগে ভাগ করে প্রথম ভাগে শিশু পরিবারের শিশুদের বিভিন্ন প্রতিযোগিতা ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতাণ ও দ্বিতীয় ভাগে জাগো মেহেরপুরের সকল সদস্য ও শিশু পরিবারের বাচ্চাদের রক্তের গুরুপ নির্ণয় করেন।

অনুষ্ঠানে জাগো মেহেরপুর এর সংগঠক নাসিম রানা বাঁধনের সঞ্চালনায় বক্তব্য রাখেন জাগো মেহেরপুরের মুখপাত্র শোয়েব রহমান, দৈনিক

সমকালের জেলা প্রতিনিধি ফারুক হোসেন , জাগো মেহেরপুর এর উপদেষ্টা মুস্তাকিম , শিশু পরিবারের তত্ত্বাবধায়ক সোহেল মাহমুদ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাগো মেহেরপুরে সভানেত্রী সুখি ইসলাম , সংগঠক আলিম , রিন্টু রহমান , হিজল করিম , হৃদয় খান , দুলাল মাহমুদ , বাবলি , রুদ্র প্রমুখ সহো জাগো মেহেরপুরের সংগঠক বৃন্দ। তারা বিভিন্ন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণীর পরে কেক কেটে জাগো মেহেরপুর এর সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানের সমাপ্তি করে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের সুবিদপুরে বঙ্গবন্ধু হা -ডু -ডু টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামবাসীর উদ্যোগে সুবিদপুর উওরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত বঙ্গবন্ধু হা -ডু -ডু টুর্নামেন্টে অনুষ্ঠিত হয়।

টুর্নামেন্টে আশরাফপুর দল চ্যাম্পিয়ন এবং রাজনগর দল রানার্সআপ হয়। টুর্নামেন্ট শেষে বিজয়ী দলের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুলের সভাপতিত্বে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামি লীগের যুগ্ম সম্পাদক এ্যাড . ইব্ররাহিম শাহীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন , কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী মাষ্টার , সাধারণ সম্পাদক মো : বাবুল আক্তার।

নিজস্ব প্রতিনিধি

সাধুর সঙ্গ সাঙ্গ করে ছেউড়িয়া ছাড়ছে ভক্তরা

বাউল সম্রাট ফকির লালন শাহ্ এর তিরোধান স্মরনোৎসবের শেষদিনে সাধুর সঙ্গ সাঙ্গ করে আপন ঠিকানায় ফিরেছেন দুর দুরান্ত থেকে ছেউড়িয়ার তীর্থধামে আসা বাউল, সাধু-ভক্ত, অনুসারীরা।
শুক্রবার সকাল থেকেই ৩দিনের সাধুসঙ্গের ইতি টানতে সঙ্গে আনা গাট্টি, বোচকা গুছিয়ে শেষ বারের মতো ভক্তদের সাথে ভক্তি-কুশল বিনিময়ের মধ্যদিয়ে অশ্রুভরা চোখে বিদায় নিয়ে বাউলরা আখড়াবাড়ি ছেড়ে রওয়ানা হয়েছেন নিজ নিজ আশ্রমের উদ্দেশ্যে। তারা বলছেন এই মহামিলনের শিক্ষা মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশ থেকে দেশান্তরে। আখড়া বাড়িতে অনুষ্ঠিত তিরোধান দিবসের ৩দিনের আনুষ্ঠানিকতা শেষে উৎসবকে কেন্দ্র করে জমজমাট আখড়াবাড়ি এখন অনেকটাই ফাকা। তাদের গুরু বানী ও সবকিছুর কিছুর মুলে পরম মমতায় শ্রদ্ধাভরে গুরুকে বারবার প্রনাম ও নানা রকম ভক্তি জানিয়ে বিদায় নেন শিষ্যরা। তাদের আবার দেখা হবে লালনের দোল অনুষ্ঠানে। বাউল ফকির আর সাধুদের ছাড়াই নাম মাত্র অনুষ্ঠানিতায় শুক্রবারও লালন মঞ্চে আলোচনা সভা ও লালন সংগীত পরিবেশিত হয় রাতভর।
বিদায় বেলায় রাজশাহী থেকে আসা ফকির আমিরুল শাহ অশ্রুসিক্ত নয়নে বলেন, সাধুদের সব কিছুর মুলে গুরু ভক্তি। গুরুকে ভজেই সর্বদা তারা পরমত্মার সন্ধান করে ফেরে। সেই গুরুকে বারবার প্রনাম ও ভক্তি জানিয়ে শির্ষ্যরা বিদায় নিলেও আবারও তারা ঘুরে ঘুরে আসেন গুরু’র এই তীর্থধামে। তাদের যে গুরুর চরনস্পর্শ করা বড়ই দরকার। নইলে সে তো পাবে না আর দ্বিন-দরিয়ার পাড়।
ঢাকা সাভার থেকে আসা এনাম শাহ বলেন, সমাজের অসঙ্গতি, সা¤প্রদায়িকতা, মানুষে মানুষে অযথা হানাহানি দূর করে চিরন্তন মানবধর্ম প্রতিষ্ঠা করতে চেয়েছেন লালন। সাঁইজি তার পদাবলী ও বাণীতে মানুষকে প্রকৃত শুদ্ধ মানুষ হওয়ার আহবান জানিয়েছেন। তাই এই উৎসব কেবল উৎসব নয় এখান থেকে লালনের এমন শিক্ষা ও মানবপ্রেম ছড়িয়ে দেবেন দেশব্যাপী।
শুক্রবার দুপুরে অখড়াবাড়ী ঘুরে দেখা যায়, ১৬অক্টোবর থেকে ১৮অক্টোবর পর্যন্ত ৩দিনের এই আয়োজনে এবার উৎসুক দর্শনাথীদের ভীড় ছিলো চোখে পড়ার মতো। তবে এসময় খেলাফতধারী সাধুদের চোখে পড়েনি খুব একটা। ঘুরে ফিরে স্থানীয় বাউলদেরই চোখে পড়ে। খেলাফতধারী সাধু না থাকলেও থেমে নেই অনুষ্ঠান। দর্শনার্থীদের

সমাগম থাকায় মেলার স্টলগুলোতে সারাক্ষনই ভীড় রয়েছে। নাগর দোলা ঘুরছে তার আপন গতিতে। মেলায় আসা দোকানীরা জানালেন বিকিকিনিও বেশ ভালো।
সংস্কৃতি মন্ত্রনালয় ও কুষ্টিয়া জেলা প্রশাসনের সহযোগিতায় লালন একাডেমীর সভাপতি জেলা প্রশাসক আসলাম হোসেনের সভাপতিত্বে সন্ধা ৭টায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ^বিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন উর রশিদ আসকারী। আলোচনা সভা শেষে রাতভর চলে লালন একাডেমীর শিল্পীবৃন্দ ও দেশের খ্যাতনামা শিল্পীদের পরিবেশনায় লালন সংগীতানুষ্ঠান।

কুষ্টিয়া প্রতিনিধি

গাংনীতে আজ সারাদিন বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে

মেহেরপুর গাংনী উপজেলাতে আগামীকাল শনিবার সকাল ০৮ থেকে ০৫ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে।

গাংনী পল্লী বিদ্যুৎ অফিস সূত্রে জানা গেছে, বৈদ্যুতিক লাইনের দু’পাশের ডালপালা কাটার জন্য, সাময়িক সময়ের জন্য বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখা হবে।

গাংনী প্রতিনিধি

মেহেরপুরে গোভীপুর ভৈরব ক্লাব

ফুটবলে আমঝুপি শিশু কিশোর সংঘ ফাইনালে

মেহেরপুর সদর উপজেলা গোভীপুর ভৈরব ক্লাব ফুটবল টুর্নামেন্টে আমঝুপি শিশু কিশোর সংঘ ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল শুক্রবার বিকালে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনাল খেলায় আমঝুপি শিশু কিশোর সংঘ ১-০ গোলে ভাটপাড়া একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পিন্টু জয়সূচক গোলটি করে।

নিজস্ব প্রতিনিধি